



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (BDCCL)

আইসিটি টাওয়ার, প্লট # ই-১৪/এক্স, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

[www.bdcl.gov.bd](http://www.bdcl.gov.bd)




স্মারক নং- ৫৬.০১.০০০০.১১৪.৩৫.০০৫.২০২০- ৬৬৮

তারিখঃ ২৬.০৮.২০২১

### পুনঃ নিলাম বিজ্ঞপ্তি

বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (BDCCL)-এর একেজো মালামাল (ইনস্যুরেন্স সহ কপার ক্যাবল; ইনস্যুরেন্স সহ নেটওয়ার্ক ক্যাবল; বিভিন্ন সাইজের MS Angle, Frame & Tools; জেনারেটরের ব্যবহৃত Lubrication Oil, Air Filter, Oil Filter, Fuel Filter এবং Aluminum Louver) “যেখানে যে অবস্থায় আছে” বিক্রয়ের নিমিত্ত প্রকৃত ক্রেতা/ব্যবসায়ী/প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা হচ্ছে। আগ্রহী ক্রেতাগণ আগামী ০৫.০৯.২০২১ এবং ০৬.০৯.২০২১ তারিখ দুইদিন সকাল ১০টা থেকে বিকাল ০৪টা পর্যন্ত BDCCL, বঙ্গবন্ধু হাইটেক সিটি, কালিয়াকৈর, গাজীপুর-এ সংরক্ষিত একেজো মালামালসমূহ পরিদর্শন করতে পারবেন। মালামালের তালিকা, বিবরণ, শর্তাবলী ও অন্যান্য জ্ঞাতব্য বিষয়াদি সম্বলিত দরপত্র দলিল ১০০০.০০ টাকা (অফেরৎযোগ্য) প্রদান পূর্বক অফিস চলাকালীন সময় (সকাল ০৯.০০ ঘটিকা থেকে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত) দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ০৮.০৯.২০২১ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত BDCCL, বঙ্গবন্ধু হাইটেক সিটি, কালিয়াকৈর, গাজীপুর অফিস হতে সংগ্রহ করা যাবে এবং আগামী ০৯.০৯.২০২১ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে BDCCL, বঙ্গবন্ধু হাইটেক সিটি, কালিয়াকৈর, গাজীপুর অফিসে রক্ষিত দরপত্র বাঞ্ছা নিজস্ব প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। একই দিন দুপুর ১২.৩০ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ থাকেন) দরপত্র উন্মুক্ত করা হবে। দাখিলকৃত মোট মূল্যের ১০% জামানত হিসেবে বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (BDCCL)-এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে (ফেরতযোগ্য) দরপত্রের সহিত অবশ্যই জমা দিতে হবে। এছাড়া নিলামে সর্বোচ্চ দরদাতা হিসেবে বিবেচিত হলে পরবর্তীতে সরকারী নিয়ম অনুযায়ী সরকারী কোষাগারে উৎসকর হিসাবে নিলাম মূল্যের উপর অতিরিক্ত ১০% অগ্রীম আয়কর ও ৭.৫% অগ্রীম ভ্যাট পৃথকভাবে পরিশোধ করতে হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ সমগ্র নিলাম দরপত্র গ্রহণ বা সকল নিলাম দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

  
রিপন কবিরাজ

ব্যবস্থাপক (প্রশাসন ও মানবসম্পদ) (অতিঃ দায়িত্ব), BDCCL